দৈনিক ইত্তেফাক

২৭/১০/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ১৮

## মন্ত্রী প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীকে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সংবর্ধনা

শিক্ষক কর্মচারী ঐক্যজোটের পক্ষে গত মঙ্গলবার পরিকল্পনা উন্নয়ন একাডেমী মিলনায়তনে শিল্পমন্ত্রী এম, কে, আনোয়ার, শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী আমানউল্লাহ আমান, অধ্যাপক রেজাউল করিম ও শিক্ষা উপমন্ত্রী আঃ সালাম পিন্টুকে সংবর্ধনা প্রদান করা হয়। জোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম, শরীফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা সভায় জোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, আহ্বায়ক কাজী আঃ রাজ্জাক, যুগ্ম আহ্বায়ক শফিকুল আলম, জোট নেতা অধ্যক্ষ ইসহাক হোসেন, মাওলানা ইউনুছ ও চৌধুরী শহীদ হোসেন বক্তব্য রাখেন। শিল্পমন্ত্রী এম, কে আনোয়ার শিক্ষার গুণগত মানের উন্নয়নের জন্য শিক্ষকদের যথাযথ ভূমিকা রাখিতে আহ্বান জানান। শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক শিক্ষকদের বিভিন্ন সমস্যার সমাধানের আশ্বাস দেন। তিনি অবসর সুবিধা চালু, কল্যাণ ট্রাস্টে বিধি বহির্ভূত কোন সমস্যা থাকিলে তাহা দেখিবেন বলিয়া আশ্বাস দেন। কর্মচারীদের চাকুরি বিধি সংক্রান্ত বিষয়টি বাস্তবায়নেরও আশ্বাস দেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান বলেন, চারদলীয় সরকার শিক্ষকদের প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করিবে। প্রতিমন্ত্রী অধ্যাপক রেজাউল করিম শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবীর প্রতি সমর্থন ব্যক্ত করেন। —প্রেস বিজ্ঞপ্তি